blast
ব্লাস্ট

# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট
# Bangladesh Legal Aid and Services Trust

২৯ সেপ্টেম্বর, ২০২৫

## প্রেস বিজ্ঞপ্তি

### খাগড়াছড়িতে এক আদীবাসী শিশুকে দলবদ্ধ ধর্ষণ এবং সহিংসতায় হতাহতের ঘটনার সুষ্ঠু তদন্ত, ন্যায়বিচার এবং ক্ষতিগ্রস্তদের যথাযথ ক্ষতিপূরণের দাবী জানাচ্ছে ব্লাস্ট

খাগড়াছড়িতে অষ্টম শ্রেণির এক আদীবাসী শিশুকে দলবদ্ধ ধর্ষণের ঘটনা এবং পরবর্তীতে বিচারের দাবীতে চলা কর্মসূচীতে হতাহতের ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে ব্লাস্ট। এ ঘটনার দ্রুত, নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্ত এবং দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ পদক্ষেপ গ্রহণের পাশাপাশি, ভুক্তভোগী ও তার পরিবারের নিরাপত্তা নিশ্চিত করার দাবী জানাচ্ছে ব্লাস্ট। একইসাথে ভুক্তভোগী এবং সহিংসতায় আহত ব্যক্তিদের যথাযথ ক্ষতিপূরণ ও প্রয়োজনীয় চিকিৎসা প্রদানের দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছে ব্লাস্ট।

বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন হতে জানা যায় যে, গত মঙ্গলবার রাত ৯টায় প্রাইভেট পড়ে ফেরার পথে এক শিশুকে দলবদ্ধ ধর্ষণের অভিযোগ ওঠে। ওই দিন রাত ১১টার দিকে অচেতন অবস্থায় তাকে উদ্ধার করেন স্বজনেরা। এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে একজনকে আটক করেছে পুলিশ। ধর্ষণের ঘটনার প্রতিবাদে জুম্ম-ছাত্র জনতার ব্যানারে গত শনিবার ভোর পাঁচটায় অবরোধ কর্মসূচি শুরু হয়। জুম্ম ছাত্র জনতার ব্যনারে শান্তিপূর্ণ অবরোধ কর্মসূচী পালনকালে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে সহিংসতায় গুইমারায় গুলিতে তিনজনের মৃত্যু এবং বহু মানুষ আহত হয়। এ ধরণের সহিংসতার ঘটনা বাংলাদেশের সংবিধানের ২৭(আইনের দৃষ্টিতে সমতা), ২৮(১) ধর্ম, প্রভৃতি কারণে বৈষম্য, ৩১(আইনের আশ্রয় লাভের অধিকারী), ৩২ (জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার-রক্ষণ), অনুচ্ছেদের সঙ্গে সাংঘর্ষিক এবং আন্তর্জাতিক মানবাধিকার মানদন্ডের সরাসরি লংঘন। এ ধরণের সহিংসতার ঘটনার পুনরাবৃত্তি রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে ব্লাস্ট অনুরোধ জানাচ্ছে।

আরও তথ্যের জন্য যোগাযোগ করুন:
ব্লাস্ট কমিউনিকেশন বিভাগ
ইমেইল: communication@blast.org.bd